# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

স্মারক নং-এ-১(৮)/৬৩৮৩(১৫০)/সা: তারিখ: ০৬-০৬-২০২৬

## পুনঃবিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/হল/ইনস্টিটিউটে নিম্নোক্ত শূন্যপদসমূহ স্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | বিভাগ/হল/ইনস্টিটিউট | পদের নাম ও সংখ্যা | পূর্ববর্তী বিজ্ঞপ্তির তারিখ | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল-২০১৫ |
|---|---|---|---|---|---|
| ১ | রাজনীতি বিজ্ঞান বিভাগ | অফিস পিয়ন-১টি | ২৬-১১-২০২৫ | এস.এস.সি. | ৮২৫০-২০০১০/- |
| ২ | বিজয়-২৪ হল | কমনরুম বিয়ারার-১টি | ২৬-১১-২০২৫ | এস.এস.সি. | ৮২৫০-২০০১০/- |
| ৩ | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | অফিস পিয়ন-১টি | ২৬-১১-২০২৫ | এস.এস.সি. | ৮২৫০-২০০১০/- |
| ৪ | অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান হল | মালী-১টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ৫ | অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান হল | পরিচ্ছন্নতা কর্মী-৫টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ৬ | অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান হল | নিরাপত্তা প্রহরী-৫টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ৭ | শহীদ ফরহাদ হোসেন হল | মালী-১টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ৮ | শহীদ ফরহাদ হোসেন হল | পরিচ্ছন্নতা কর্মী-৫টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ৯ | শহীদ ফরহাদ হোসেন হল | নিরাপত্তা প্রহরী-৫টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ১০ | নবাব ফয়জুন্নেছা হল | মালী-১টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ১১ | নবাব ফয়জুন্নেছা হল | পরিচ্ছন্নতা কর্মী-৫টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ১২ | নবাব ফয়জুন্নেছা হল | নিরাপত্তা প্রহরী-৫টি | ২৬-১১-২০২৫ | ৮ম শ্রেণি | ৮২৫০-২০০১০/- |
| ১৩ | চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ | ল্যাবরেটরি বিয়ারার-১টি | ২৬-১১-২০২৫ | এস.এস.সি. | ৮২৫০-২০০১০/- |
| ১৪ | চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ | অফিস পিয়ন-১টি | ২৬-১১-২০২৫ | এস.এস.সি. | ৮২৫০-২০০১০/- |
| ১৫ | ইতিহাস বিভাগ | অফিস পিয়ন-১টি | ২৬-১১-২০২৫ | এস.এস.সি. | ৮২৫০-২০০১০/- |

***মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণসাপেক্ষে সরকারি সিদ্ধান্ত অনুসারে কোটা নির্ধারিত থাকবে।**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা চ.বি. ওয়েবসাইট (www.cu.ac.bd) হতে ০১ (এক) কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ৩০-০৬-২০২৬ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ০৬ (ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ (এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছানো ঝুঁকিপূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো।

**মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি) গ্রহণ করা হবে না।**

অগ্রণী ব্যাংকের যেকোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর ঠিকানায় প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৳ ৩০০/-(তিন শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোন অর্জিত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকরি জীবনে কোন পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে পে-অর্ডারসহ দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না।

**চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

**উল্লেখ্য, ২৬-১১-২০২৫ ইং তারিখে প্রকাশিত উক্ত বিজ্ঞপ্তির বিপরীতে নির্দিষ্ট পদে যাঁরা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

6-6-2026

**(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

PC-356/26 (6"x3)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম

স্মারক নং: এ-২(৬)/০১/২০২৬/৫৯৪৫/সাধারণ

তারিখ: ১০-০৫-২০২৬

## পুনঃবিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ / হল /দপ্তরের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ স্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | বিভাগ/হল/দপ্তর | পূর্ববর্তী বিজ্ঞপ্তির তারিখ | বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|---|
| ১ | ডাটা এন্ট্রি অপারেটর, ২ টি | আইসিটি সেল | ৩০-০১-২০২৫ | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ২ | ক্যাটালগার, ১ টি | গ্রন্থাগার দপ্তর | ১১-১১-২০২৫ | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৩ | কম্পাউন্ডার, ১ টি | চিকিৎসা কেন্দ্র | ১১-১১-২০২৫ | ৳৯,৭০০-২৩,৪৯০/- |
| ৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, ১ টি (পূর্বে প্রকাশিত ২৪-০৮-২০২৫ তারিখের বিজ্ঞপ্তিতে উক্ত পদটি 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' ছিল) | ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) | ২৪-০৮-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ৫ | ওয়ার্ক সুপারভাইজার (সুপারভাইজার পদের বিপরীতে), ১টি (অস্থায়ী) | প্রকৌশল দপ্তর | ২৫-০৯-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ৬ | প্রোডাকশন সহকারী, ১ টি | নাট্যকলা বিভাগ | ২৫-০৯-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ৭ | ল্যাবরেটরী টেকনিশিয়ান, ১ টি | ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ | ২৫-০৯-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ৮ | নিম্নমান সহকারী, ১ টি | শাহজালাল হল | ২৫-০৯-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ৯ | সুপারভাইজার, ১ টি | চাকসু কেন্দ্র | ২৫-০৯-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১০ | জুনিয়র ক্যাটালগার, ১ টি | হিসাব নিয়ামক দপ্তর | ২৫-০৯-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১১ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ২ টি | উপাচার্য দপ্তর | ২৪-০৮-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১২ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৩ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | রেজিস্ট্রার দপ্তর | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৪ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | গ্রন্থাগার দপ্তর | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৫ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | নবাব ফয়জুন্নেছা হল | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৬ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | বিজয় ২৪ হল | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৭ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | আলাওল হল | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৮ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৯ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, ১ টি | আইন অনুষদ | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২০ | হিসাব সহকারী, ১ টি | চিকিৎসা কেন্দ্র | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২১ | কম্পিউটার ল্যাব. সহকারী, ১ টি | ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২২ | কেয়ারটেকার, ১ টি | বিজয় ২৪ হল | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৩ | ড্রাইভার, ১ টি | পরিবহন দপ্তর | ২৫-০৯-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৪ | ড্রাইভার, ১ টি | পরিবহন দপ্তর | ১১-১১-২০২৫ | ৳৯,৩০০-২২,৪৯০/- |

**পদসমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:**

ক্রমিক-১ নং পদের জন্য প্রার্থীগণকে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ এইচ.এস.সি./ সমমান পাস হতে হবে। প্রার্থীকে অবশ্যই ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড সিড ও ইন্টারনেটে পরিচালনায় জ্ঞান থাকতে হবে। আইসিটি সংক্রান্ত যেকোন স্বীকৃত প্রতিষ্ঠানের ৩-৪ (তিন-চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার রক্ষণাবেক্ষণ এবং সাচিবিক কাজের দক্ষতা থাকতে হবে। নিয়োগপ্রাপ্তদের মাঠ পর্যায়ে কাজ করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই গ্র্যাজুয়েট/ সমমান হতে হবে। যে কোন বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাপ্রাপ্ত হতে হবে। ক্লাসিফিকেশন ও ক্যাটালগিং এর কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিশেষ উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। গ্রন্থাগারে সকাল/ বিকাল উভয় শিফটে দায়িত্ব পালন করতে হবে এবং এ জন্য বিশ্ববিদ্যালয়ের নিয়ম বহির্ভূত অন্য কোন অতিরিক্ত সুবিধাদি প্রযোজ্য হবে না।

ক্রমিক-৩ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./ সমমান পাস হতে হবে এবং কম্পাউন্ডার হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি হাসপাতাল/ বিশ্ববিদ্যালয়ে কর্মরত এবং বি.পি.সি. সনদপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৪ নং পদের জন্য প্রার্থীকে শিক্ষাজীবনে তৃতীয় বিভাগ ব্যতীত কমপক্ষে স্নাতক ডিগ্রি পাস হতে হবে। কম্পিউটার সায়েন্সে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে অন্তত ছয় মাস মেয়াদী কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতিসহ প্রার্থীর অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে। কম্পিউটার হার্ডওয়্যার, সফট্ওয়্যার সম্পর্কে সম্যক ধারণা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আইকিউএসি-তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

ক্রমিক-৫ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./ সমমান পাস হতে হবে। কনস্ট্রাকশন সংক্রান্ত কাজের তদারকিতে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৬ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান হতে হবে। সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৭ নং পদের জন্য প্রার্থীকে বিজ্ঞান বিভাগ হতে ন্যূনতম ২য় শ্রেণি/ জিপিএ ৩.০০ সহ এইচ.এস.সি. পাস হতে হবে। সরকারি/আধা- সরকারি/ স্বায়ত্তশাসিত/ স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৮ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./ সমমান পাস হতে হবে এবং সংশ্লিষ্ট অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৯ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাস হতে হবে। সরকারি/আধা-সরকারি/ স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্যাফেটেরিয়া পরিচালনা / তদারকির কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-১০ নং পদের জন্য প্রার্থীকে গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসহ এইচ.এস.সি./ সমামান পাস হতে হবে। গ্রন্থাগারের কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-১১ হতে ১৯ নং পদের জন্য প্রার্থীগণকে কমপক্ষে এইচ.এস.সি./সমমান পাস হতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে। তবে ক্রমিক-১৪ নং পদের প্রার্থীকে গ্রন্থাগারে সকাল/ বিকাল উভয় শিফটে দায়িত্ব পালন করতে হবে এবং এ জন্য বিশ্ববিদ্যালয়ের নিয়ম বহির্ভূত অন্য কোন অতিরিক্ত সুবিধাদি প্রযোজ্য হবে না।

ক্রমিক-২০ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাস হতে হবে এবং হিসাব নিকাশের কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২১ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাস হতে হবে। সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার হার্ডওয়্যার, সফট্ওয়্যার ও নেটওয়ার্কিং বিষয়ে কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২২ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি./সমমান পাস হতে হবে। আবাসিক হলের তত্ত্বাবধানে এবং আসবাবপত্র রক্ষণাবেক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২৩ ও ২৪ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণি পাস এবং ভারী/ হালকা গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীকে ভারী/ হালকা গাড়ি চালানোর কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

* মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্তানুসারে কোটা নির্ধারিত থাকবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা চবি ওয়েবসাইট (www.cu.ac.bd) হতে ০১ (এক) কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ০৯-০৬-২০২৬ তারিখের মধ্যে (২৫-০৫-২০২৬ হতে ০৬-০৬-২০২৬ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিস বন্ধ থাকবে) অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬ (ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ (এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না।

মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি.) গ্রহণ করা হবে না।

অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এ প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৳৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণ সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত ০১ (এক) সেট ছায়ালিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোন অর্জিত/ চলমান শিক্ষাগত যোগ্যতা/ প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকরি জীবনে কোন পদোন্নতি/ নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন বিভাগ/ হল/ দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের ড্রাফট/ পে-অর্ডার গ্রহণ করা হবে না।

চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

উপরোক্ত শূন্যপদসমূহে ইতোপূর্বে প্রচারিত সর্বশেষ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

10.5.2026

**(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)**
**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।**

নং-৯৫/০৫